

179

দৈনিক ইত্তেফাক

তারিখ ..0.7 JUL-1995

পৃষ্ঠা ৯ কলাম ৭

ছাত্রলীগের প্রতিবাদ

সমাবেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥
শহীদুল্লাহ হলের আবাসিক শিক্ষক
ও ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক
সমিতির যুগ্ম সম্পাদক ডঃ মোঃ
হোসেন মনসুরকে লাঞ্চিত করার
প্রতিবাদে ছাত্রলীগের (শা-পা)
উদ্যোগে গতকাল (বৃহস্পতিবার)
ক্যাম্পাসে মিছিল শেষে অপরা-
জ্জয় বাংলার পাদদেশে এক ছাত্র
সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে
সংগঠনের সভাপতি এনামুল হক
শামীম এই ঘটনার জন্য ছাত্রদল
কর্মীদের দায়ী করিয়া বলেন,
তাহাদের সম্রাসী কার্যকলাপ হইতে
শিক্ষকরাও রেহাই পাইতেছেন না।
প্রধানমন্ত্রীর নির্দেশে ছাত্রদল
ক্যাম্পাসে অস্থিতশীল পরিবেশ
সৃষ্টি করিয়া জাতির দৃষ্টি ভিন্নভাবে
প্রবাহিত করার পায়তারা করি-
তেছে। সংগঠনের সাধারণ সম্পাদক
ইসহাক আলী খান পাণ্ডা, বাহাদুর
ব্যাপারী, আবদুল ওয়াদুদ খোকন
প্রমুখ সমাবেশে বক্তৃতা করেন।
ইসহাক আলী খান পাণ্ডা বলেন,
হলগুলিতে ছাত্রদলের আশ্রয়ে
বহিরাগত মাস্তানরা অবস্থান করিয়া
ক্যাম্পাসের পরিবেশ নষ্ট করি-
তেছে। সমাবেশে ডঃ মনসুরকে
লাঞ্চিতকারীদের গ্রেফতার ও বিচার
দরী করা হয়।